# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৬৯. অন্য জনকে চুক্তি থেকে রুজু করার সুযোগ না দেয়ার মানসিকতায় ক্রেতা-বিক্রেতার যে কারোর উক্ত স্থান থেকে দ্রুত প্রস্থান করা

আব্দুল্লাহ্ বিন্ ’আমর বিন্ ’আস্ব (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

الْـمُتَبَايِعَانِ بِالْـخِيَارِ مَا لَمْ يَفْتَرِقَا إِلَّا أَنْ تَكُوْنَ صَفْقَةَ خِيَارٍ ، وَلَا يَحِلُّ لَهُ أَنْ يُفَارِقَ صَاحِبَهُ خَشْيَةَ أَنْ يَسْتَقِيْلَهُ

“ক্রেতা-বিক্রেতা উভয়ই স্বাধীন (উক্ত ব্যবসায়িক চুক্তি ভঙ্গের ব্যাপারে) যতক্ষণ না তারা একে অপর থেকে পৃথক হয়ে যায়। তবে যদি তারা মূল চুক্তিতেই নির্দিষ্ট সময় পর্যন্ত যে কোন কারোর অথবা উভয়েরই স্বাধীনতার শর্ত রেখে থাকে তা হলে সে সময় পর্যন্ত উক্ত ব্যক্তির জন্য তা বহাল থাকবে। উপরন্তু এদের কারোর জন্য জায়িয হবে না তার ব্যবসায়িক সাথী থেকে দ্রুত পৃথক হয়ে যাওয়া অন্যের পক্ষ থেকে চুক্তি ভঙ্গের ভয়ে”।[1]

>

## ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ৩৪৫৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11519

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন